মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০- ২৮৭ তারিখ: ০৯ ফেব্রয়ারি ২০২০

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জানুয়ারি ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৫ ফেব্রুয়ারি ২০১৯, সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) জনাব মোঃ শফিকুল ইসলাম গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ। | পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ার পরবর্তী মাসে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি করার জন্য মহাপরিচালক সংশ্লিস্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | "মুজিব বর্ষ" উদযাপন উপলক্ষে কল্যাণ বোর্ডের বিদ্যমান লাইব্রেরীর জন্য আসবাবপত্রসহ প্রয়োজনীয় বই ক্রয়। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী "মুজিব বর্ষ" উদযাপন উপলক্ষে কল্যাণ বোর্ডের বিদ্যমান লাইব্রেরীটাকে পূর্ণাঙ্গ পাঠাগাররূপে প্রতিস্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় আসবাবপত্রসহ মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবনি সম্পর্কিত রচিত বইসমূহ এবং কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান আহরণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সরকারি আইন, বিধি-বিধান সম্পর্কিত এবং বিশ্ব সাহিত্যের জনপ্রিয় বই ২১ ফেব্রুয়ারি উপলক্ষ্যে উদযাপিত বই মেলা হতে দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | "মুজিব বর্ষ" উদযাপন উপলক্ষে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বই মেলা হতে প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩.০ | প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে ব্যাপকভাবে প্রচার। | (ক) বিদেশ হতে ফেরত আসা নির্যাতিত ও অসুস্থ কর্মীদেরকে পরিবারের নিকট হস্তান্তর করার পূর্বে তাদের সাময়িক অবস্থান ও চিকিৎসার জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিকটস্থ ক্রিসেন্ট হাসপাতাল, উত্তরা এর সাথে একটি চুক্তি সম্পাদনের বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) বিদেশ হতে ফেরত আসা নির্যাতিত ও অসুস্থ কর্মীদেরকে পরিবারের নিকট হস্তান্তর করা কল্যাণ বোর্ডের গুরুত্বপূর্ণ একটি সেবা। সভায় উপস্থিত প্রবাসী কল্যাণ ডেস্কের ভারপ্রাপ্ত কর্মকর্তা কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে বোর্ডের ওয়েব সাইট, ফেইস বুকসহ অন্যান্য সোসাল মিডিয়া ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপকভাবে সম্প্রচার করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবিত বিষয়ে মহাপরিচালক সহমত পোষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-পরিচালক (আরপিটি)-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) বিদেশ হতে ফেরত আসা নির্যাতিত ও অসুস্থ কর্মীদেরকে পরিবারের নিকট হস্তান্তর করার পূর্বে তাদের সাময়িক অবস্থান ও চিকিৎসার জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিকটস্থ ক্রিসেন্ট হাসপাতাল, উত্তরা এর সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে।<br><br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের হতে প্রবাসী কর্মীদের জন্য প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে বোর্ডের ওয়েব সাইট, ফেইস বুকসহ অন্যান্য সোসাল মিডিয়া ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপকভাবে প্রচার করতে হবে। তাছাড়া জেলা / উপজেলায় এ সংক্রান্ত সেমিনার করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>উপ-পরিচালক (আরপিটি) |
| ৪.০ | সেবা সহজিকরণের জন্য অ্যাপস তৈরী | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত ইস্যুকৃত চাহিদাপত্র যথাসময়ে দ্রুত সেবাগ্রহিতাগণের নিকট পৌঁছে দেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে উপ-পরিচালক (কল্যাণ) জনাব শরিফুল ইসলাম কল্যাণ বোর্ডের ইনোভেশন কর্মশালায় আর্থিক অনুদান সম্পর্কিত চাহিদাপত্র মৃতের ওয়ারিশগণ দ্রুততম সময়ে যাতে সহজে পেতে পারে সে বিষয়ে একটি উদ্ভাবনী আইডিয়া উপস্থাপন করেন। উদ্ভাবনী আইডিয়া মতে একটি মোবাইল অ্যাপস তৈরী করলে মৃতের ওয়ারিশগণ আর্থিক অনুদানের ইস্যুকৃত চাহিদাপত্র অ্যাপস এর মাধ্যমে খুব সহজেই সংগ্রহ করতে পারবেন। এ বিষয়ে আলোচনার প্রেক্ষিতে মহাপরিচালক আগামী সমন্বয় সভায় এ বিষয়ে একটি প্রেজেনটেশন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত আর্থিক অনুদান যাতে সহজে দ্রুততম সময়ে প্রদান করা যায় এ বিষয়ে একটি উদ্ভাবনী আইডিয়ার মোবাইল অ্যাপস আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (আইআরপি) |
| ৫.০ | প্রবাসী কর্মীর অটেস্টিক / অটিজম/ প্রতিবন্ধি সন্তানদের জন্য বিশেষ ভাতা স্কীম চালুকরণ | প্রবাসী কর্মীর অটিস্টিক / অটিজম/ প্রতিবন্ধি সন্তানদের জন্য বিশেষ ভাতা প্রদানের বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) জনাব মোঃ শফিকুল ইসলাম একটি প্রস্তাব করেন। এ বিষয়ে সার্বিক পর্যালোচনা করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব ও নীতিমালার খসড়া প্রণয়নের জন্য নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্যবিশিস্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়:<br>১। পরিচালক (অর্থ ও কল্যাণ)- আহবায়ক<br>২। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য<br>৩। পরিচালক (আইআরপি)- সদস্য | প্রবাসী কর্মীর অটিস্টিক / অটিজম/ প্রতিবন্ধি সন্তানদের জন্য বিশেষ ভাতা প্রদানের জন্য সার্বিক পর্যালোচনাপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রস্তাব ও নীতিমালার খসড়া প্রণয়নের জন্য নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্যবিশিস্ট একটি কমিটি গঠন করা হলো:<br>১। পরিচালক (অর্থ ও কল্যাণ)- আহবায়ক<br>২। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য<br>৩। পরিচালক (আইআরপি)- সদস্য<br>৪। উপ-পরিচালক (আরপিটি) সদস্য<br>৫। উপ-পরিচালক (কল্যাণ)- সদস্য সচিব | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫। উপ-পরিচালক (কল্যাণ)- সদস্য সচিব<br>কমিটি আগামী সমন্বয় সভায় এতদসংক্রান্ত পূর্ণাঙ্গ প্রস্তাবনাসহ একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | কমিটি আগামী সমন্বয় সভায় একটি পূর্ণাঙ্গ প্রস্তাব ও নীতিমালার খসড়া উপস্থাপন করবে। | |
| ৬.০ | ২৪/৭ ঘন্টা কল সেন্টার চালুকরণ | প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে সেবা প্রদান ও বিভিন্ন সমস্যা সমাধানের জন্য প্রবাস বন্ধু কল সেন্টার স্থাপন করা হয়। যা বর্তমানে দুই সীফটে যথাক্রমে সকাল ০৭ টা থকে দুপুর ০২ টা এবং দুপুর ০২ থকে রাত ০৯টা পর্যন্ত চালু আছে। বিশ্বের বিভিন্ন দেশের সময়ের ব্যবধানের কারণে এ প্রবাস বন্ধু কল সেন্টার ২৪ ঘন্টা চালু রাখা প্রয়োজন। প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারদের সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রবাস বন্ধু কল সেন্টারটি দিনরাত ২৪ ঘন্টা নিরবচ্ছিনভাবে চালু করার বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারদের ২৪/৭ ঘন্টা সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রবাস বন্ধু কল সেন্টারে জনবলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও পরিচালক (অর্থ ও কল্যাণ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৫/২০২০

**(মোঃ হামিদুর রহমান)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।